



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০০৭. ২০২০-৮৪৬

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

বিষয়ঃ বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়, বিদেশ ভ্রমণ সীমিতকরণ, প্রকল্প বাস্তবায়নসহ অন্যান্য খাতে ব্যয় সংকোচনে সরকারের সিদ্ধান্ত বাস্তবায়ন।

বৈশ্বিক কারণে পৃথিবীতে জ্বালানী ও অন্যান্য পণ্য সংগ্রহে মারাত্মক অনিশ্চয়তা বিরাজ করায় জ্বালানীর মূল্য অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পেয়েছে। সেই কারণে অনেক দেশ বিদ্যুৎ কেন্দ্র বন্ধ করে ব্যয় সীমিত করার সিদ্ধান্ত নিয়েছে ও জনগণকে কৃচ্ছতা সাধনের আহ্বান জানিয়েছে। একই কারণে বাংলাদেশেও বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকল্পে গত ২০/০৭/২০২২ তারিখ বুধবার প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ এবং তৎপরবর্তীতে অর্থ বিভাগের ২১ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০. ০০.০০১.২০০৯-১৬ সংখ্যক পরিপত্রের প্রদত্ত নির্দেশনার আলোকে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে নিম্নরূপ নির্দেশনা অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

ক) বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অনুকূলে প্রদত্ত বরাদ্দের ২৫% ব্যয় কমাতে হবে;

লক্ষ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমঃ

১. বিদ্যুতের ব্যবহার হ্রাসের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিদ্যুৎ খাতে বরাদ্দের ২৫% ব্যয় হ্রাস করতে হবে।
২. ফরাস অফিস কক্ষ খোলার সময় এবং পরিষ্কারের পর কক্ষের লাইট এবং এসি বন্ধ রাখবেন।
৩. কর্মকর্তা/কর্মচারীগণ কক্ষে প্রবেশের পর সর্বনিম্ন যে পরিমাণ আলো প্রয়োজন; সে মোতাবেক অর্থাৎ সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন।
৪. শীততাপ নিয়ন্ত্রণ যন্ত্র (এসি) সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস বা তদুর্ধ্ব তাপমাত্রায় ব্যবহার নিশ্চিত করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৩ মে ২০১৩ তারিখের ০৪.৪২৩.০২২.০২.০৬.০০১. ২০১২.৪৬ নম্বর পরিপত্র যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৫. কক্ষ ত্যাগের সময় কর্মকর্তা/কর্মচারীগণ নিজ দায়িত্বে প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এসি বন্ধ করবেন। পুনরায় কক্ষে প্রবেশের সময় নিজ নিজ দায়িত্বে প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এসি চালু করবেন।
৬. সকল বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন- কম্পিউটার, টিভি, ফ্রিজ এবং ওভেন ইত্যাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন; যাতে কোনোভাবেই বিদ্যুৎ- এর অপচয় না হয়।
৭. অফিস বন্ধের সময় সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ দায়িত্বে বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন- কম্পিউটার, টিভি ও ফ্রিজ ইত্যাদি বন্ধ রাখবেন।
৮. টয়লেট জোনে দিনের বেলায় ব্যবহারের সময় ব্যতীত সকল লাইট বন্ধ থাকবে।

M. M. Rahman

৯. বারান্দা বা সিকিউরিটি লাইট দিনের বেলায় জ্বালানো যাবে না। ভোরের আলো স্পষ্ট হওয়ার পর লাইট বন্ধ করে দিতে হবে এবং মাগরিবের পর প্রয়োজন অনুযায়ী লাইট জ্বালানো যাবে।
১০. জ্বালানী ও বিদ্যুৎ কম খরচ করার উদ্দেশ্যে অনিবার্য না হলে, শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অন-লাইন প্ল্যাটফর্মে আয়োজন করতে হবে।
১১. সার্ভাররুম ও অপরিহার্য নিরাপত্তার ক্ষেত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহার করা যাবে।
১২. অফিসের ন্যায় নিজ নিজ বাসস্থানেও অনুরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

- খ) স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ অর্থ বিভাগের ২১ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬ সংখ্যক পরিপত্র মোতাবেক ২০২২-২৩ অর্থবছরে '৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট' ও '৩২৪৩১০২- গ্যাস ও জ্বালানী' খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করতে পারবে এবং ২০% সাশ্রয় করতে হবে।
- গ) স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে অত্যাাবশ্যিক না হলে বিদেশ ভ্রমণ যথাসম্ভব পরিহার করতে হবে।
- ঘ) স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে বার্ষিক ক্রয় পরিকল্পনা পুনঃপর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাস করতে হবে।
- ঙ) স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী তাঁর নিজের বা সরকারি যানবাহন একান্ত প্রয়োজন ব্যতীত ব্যবহার করবেন না।

M. M. Rahman
22/09/2022
এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

- ১। অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক(পমূপ), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
- ৪। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপপরিচালক, জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার (সকল)।
- ৬। সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
- ৮। সহকারী সচিব(সকল)/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/সিলেট সিটি কর্পোরেশন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/খুলনা/বরিশাল/গাজীপুর/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর।
- ৮। মেয়র, পৌরসভা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা, জেলা।
- ১০। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, উপজেলা....., জেলা.....।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।